

দায়ী করা হত। একই ভাবে বহু ভারতীয়র (বিশেষ করে বাঙালিদের, যারা 'বর্ধমান জুরে' কেবলই কাবু হয়ে পড়ত) শীর্ণ চেহারার জন্য দায়ী করা হত ওই জলবায়ুর বৈশিষ্ট্যগুলোকেই। এক বিশেষ প্রজাতির মশার সঙ্গে ম্যালেরিয়ার যে সম্পর্ক আছে, সে বিষয়ে রোনাল্ড রস-এর অত বড়ো আবিষ্কারকে বিশেষ কোনো মদত বা স্বীকৃতি দেওয়া হয়নি। এদিকে জনস্বাস্থ্যের জন্য রাষ্ট্র অতি সামান্য টাকা বিনিয়োগ করত। আধুনিক হাসপাতাল জিনিসটাকে বেশির ভাগ লোক একটা মরণ-ফাঁদ বলে ভয় পেত। হাসপাতালগুলো গরিবদের শুশ্রূষা নিয়ে মাথা ঘামাত না, আর সাধারণভাবে ছিল অস্বাস্থ্যকর।

প্রথম থেকেই উদ্ভিদবিদ্যায় ঔপনিবেশিক আগ্রহের নির্ভেজাল নিদর্শন হল কলকাতার কাছে শিবপুর উদ্ভিদ উদ্যান, যা স্থাপিত হয়েছিল ১৭৮৬ সালেই। এর পর উত্তরপ্রদেশের উত্তরাঞ্চলে সাহারানপুরে এবং আরো কিছু কিছু জায়গায় গড়ে ওঠে গবেষণাকেন্দ্র। কোন কোন কৃষিজ পণ্য রপ্তানি করার সুযোগ আছে, সেই আগ্রহই এর মধ্যে প্রতিফলিত হয়েছিল। অনুরূপভাবে, ১৮৫১ সালে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া স্থাপনার মূলেও ছিল খনিজ সম্পদের, বিশেষ করে কয়লার চাহিদা, যা রেল চালানোর জন্য অপরিহার্য। রেলপথের জন্য প্রচুর কাঠ লাগত আর বহুলাংশে সেই চাহিদা মেটানোর তাগিদেই ১৮৬৪ সালে গঠিত হয় অরণ্য বিভাগ যা শেষ পর্যন্ত ব্রিটিশ ভারতের মোট ভূভাগের প্রায় কুড়ি ভাগকে অধীনে রাখত বা নিয়ন্ত্রণ করত।^{১০} এই উপমহাদেশের সবচেয়ে বড়ো ভূ-ব্যবস্থাপক ছিল এই অরণ্য বিভাগ। এই বিভাগের প্রশাসনের, এবং যেভাবে সেই প্রশাসন রাষ্ট্রীয় নীতিকে ব্যাখ্যা করত, তার নানাবিধ বাস্তুতাত্ত্বিক, আর্থিক, সামাজিক ও সাংস্কৃতিক এবং রাজনৈতিক তাৎপর্য ছিল। পরের অধ্যায়গুলিতে এ বিষয়টি আমরা বিশেষ মনোযোগ সহকারে অনুধাবন করব।

তবে ঔপনিবেশিক শাসকদের বিজ্ঞাননীতির সঙ্গে, বিশেষ করে ঔপনিবেশিক ক্ষমতা-জ্ঞানের স্বার্থে, তাদের বস্তুগত, ব্যবহারিক ও মতাদর্শগত সংযোগের নির্ধারক মাত্রাগুলোকে অতিসরল করে দেখার একটা সম্ভাবনা আছে। ম্যাথিযু এড্‌নি উপনিবেশের ভূগোলচর্চা নিয়ে যে-গবেষণা করেছেন তা থেকে বোঝা যায়, এই বিশাল উপমহাদেশটিকে কার্যকরভাবে শাসন ও শোষণ করার পূর্বশর্ত ছিল মানচিত্র আঁকার ও ভৌগোলিক পরিসর পরিমাপ করার প্রকরণের বিকাশ ঘটানো। রেনেল-এর আঁকা বাংলার, অতঃপর ভারতের, মানচিত্র থেকে শুরু করে ১৭৭০ আর ১৭৮০-র দশকে মানচিত্র আঁকার প্রয়াসে দুটি পর্ব ছিল। পায়ে-চলা পথের

ভৌগোলিক দূরত্ব মেপে যাত্রাপথের জরিপ করা হত আর তারই সঙ্গে মেলানো

shot on moto g⁸ plus

Prasenjit's photography

^{১০} গৃহ ১৯৮৯; রঞ্জরাজন ১৯৯৬।

